বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd

নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৬০০.৪৩.০০০৫.২১.১৫৮১

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ / ০৮ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: A2P SMS সেবা প্রদানকারী (এগ্রিগেটর) প্রতিষ্ঠান হিসেবে বিদ্যমান তালিকাভুক্তি সনদ বাতিল প্রসঙ্গে।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাকওয়া ট্রেড (Taqwa Trade) -এর অনুকূলে A2P SMS সেবা প্রদানকারী (এগ্রিগেটর) হিসেবে ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদন ও দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় কমিশনের Revenue Share ও SOF বাবদ বকেয়া পাওনা রয়েছে এবং আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণাদি দাখিল করা হয়নি মর্মে পরিলক্ষিত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে একাধিকবার তাগিদ প্রদান করা সত্ত্বেও বকেয়া পাওনা পরিশোধ এবং প্রয়োজনীয় তথ্যাদি/প্রমাণাদি দাখিল করেনি। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তাকওয়া ট্রেড (Taqwa Trade) (তালিকাভুক্তি নম্বর: BTRC-A2P-22-130)-এর অনুকূলে A2P SMS সেবা প্রদানকারী (এগ্রিগেটর) হিসেবে ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ এতদ্বারা বাতিল করা হলো।

০২। উল্লেখ্য যে, এ আদেশের মাধ্যমে বাতিলকৃত তালিকাভুক্তি সনদের অধীনে পরবর্তীতে পরিচালিত যেকোনো কার্যক্রম অবৈধ বলে গণ্য হবে এবং তা বাংলাদেশ টেলিযোগাযোগ আইন এর প্রাসঙ্গিক বিধান অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে। এছাড়াও, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বাতিলকৃত তালিকাভুক্তি সনদের মূল কপি বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনে জমা প্রদান এবং কমিশনের নিকট বিদ্যমান সমুদয় বকেয়া পাওনা এ আদেশ জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ভবিষ্যতে নিরীক্ষা আপত্তি বা চূড়ান্ত হিসাব-নিকাশের ফলে কমিশনের অনুকূলে কোনো অতিরিক্ত পাওনা উদ্ভূত হলে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত পাওনা পরিশোধ করতে বাধ্য থাকবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৮-১০-২০২৬
তৌহিদুর নাহার
উপ পরিচালক

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। মহাপরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
২। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (প্রতিষ্ঠানটির নিকট বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, মোবাইল ফোন অপারেটর (সকল) (প্রতিষ্ঠানটির অনুকূলে ইতঃপূর্বে বরাদ্দকৃত সকল ধরনের SMS ব্রডকাস্ট SIM সংযোগ বিচ্ছিন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। ব্যবস্থাপনা পরিচালক/CEO/প্রোপাইটর, IPTSP ও PSTN অপারেটর (সকল) (প্রতিষ্ঠানটির সংযোগ বিচ্ছিন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। ব্যবস্থাপনা পরিচালক/CEO, Infozillion Teletech BD Ltd., 12th floor, Hosaf High Tower, 9 Mohakhali C/A, Dhaka 1212 (প্রতিষ্ঠানটির অপারেশনাল কার্যক্রম বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। প্রোপাইটর, তাকওয়া ট্রেড, জি এল রায় রোড, ফায়ার সার্ভিস সংলগ্ন, কামাল কাছনা, রংপুর-৫৪০০।
৮। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। ব্যক্তিগত কর্মকর্তা, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের সদয় অব গতির জন্য)।
১০। ব্যক্তিগত কর্মকর্তা, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের স দয় অবগতির জন্য)।

